

চ্যান্সেলর ডেভিড সি. ব্যাংকস্-এর কাছ থেকে একটি নিউজলেটার



### K-8 সামার রাইজিং 2023-এর জন্য প্রস্তুত হোন!

প্রিয় নিউ ইয়র্কবাসী,

গত বছর, সিটিব্যাপী শিক্ষার্থীরা 'সামার রাইজিং' নামক আমাদের সমন্বিত গ্রীষ্মকালীন শিক্ষা কর্মসূচিতে অংশগ্রহণ করেছে—এতে রয়েছে আনন্দদায়ক ও সমৃদ্ধিমূলক কর্মকাণ্ডসমূহ, বিভিন্ন পার্ক এবং জাদুঘর পরিদর্শন করা থেকে শুরু করে চ্যালেঞ্জমূলক কম্পিউটার সায়েন্স অ্যান্ড রোবোটিকস্ অভিজ্ঞতা। আমার গত বছর কয়েকটি সামার রাইজিংয়ের সাইট পরিদর্শনের সুযোগ হয়েছিল এবং আমাদের ছেলেমেয়েদের শিখতে ও অন্বেষণ করতে উপভোগ করতে দেখে উদ্দীপ্ত হয়েছিলাম।

আমাদের শিক্ষার্থী ও পরিবারদের জন্য এই বিনামূল্যের কর্মসূচিটি একটি সত্যিকারের বিজয়, এবং আমি অত্যন্ত আনন্দের সাথে ঘোষণা করছি যে, এবার আরো ন্যায়সঙ্গত ও অন্তর্ভুক্তিমূলক আবেদন প্রক্রিয়া সহ—আমরা এই সামারে আবার এটা অফার করবো।

বিশ্বব্যাপী মহামারীর ফলে যে শিক্ষা-হানি বা ক্ষয় হয়েছে তা রোধে, [সামার রাইজিং 2023](#) খেলা, তৈরিকরণ, এবং অন্বেষণের পাশাপাশি সম্পৃক্তিমূলক, উচ্চ-মান সম্পন্ন শিক্ষায়তনিক সহায়তা প্রদান করবে। নিউ ইয়র্ক সিটির K-8 গ্রেডের শিক্ষার্থীরা তাদের সহপাঠী, স্কুল কমিউনিটি, এবং আমাদের অসাধারণ সিটির সাথে সংযোগ সৃষ্টি করার পাশাপাশি নতুন আগ্রহ এবং দক্ষতা গড়ে তুলতে সক্ষম হবে। সবগুলো কর্মসূচি আপনাদের ছেলেমেয়েদের স্কুলের ভিতরে ও বাহিরে বিকশিত হবার জন্য প্রয়োজনীয় সামাজিক, মানসিক, এবং শিক্ষায়তনিক সহায়তা অফার করবে।

পাঁচ বরো জুড়ে প্রায় 110,000 শিক্ষার্থীকে পরিষেবা দিতে আমরা আবারো ডিপার্টমেন্ট অফ ইয়ুথ অ্যান্ড কমিউনিটি ডেভেলপমেন্ট-এর সাথে অংশিদারিত্ব করতে পেরে আনন্দিত। একটি আরো উন্নতিসাধন করা আবেদন প্রক্রিয়া সহকারে, তালিকাভুক্তি (এনরোলমেন্ট) 17

এপ্রিল শুরু হবে। আগে আসলে আগে পাবেন ভিত্তির পরিবর্তে, আপনি এখন পছন্দের একাধিক প্রোগ্রাম ধারাক্রম করতে পারবেন। এটা আপনার সম্ভাবনার জন্য যেটা সবচেয়ে ভাল হবে সেটায় আপনার আসন পাবার সম্ভাবনা বৃদ্ধি করবে।

আসন পূরণের ক্ষেত্রে, যেসব শিক্ষার্থীর জন্য সামার স্কুলে অংশগ্রহণ বাধ্যতামূলক, অস্থায়ী আবাসন (টেম্পোরারি হাউজিং) ও ফস্টার কেয়ারে বসবাসকারী শিক্ষার্থী, 12 মাসের IEP প্রোগ্রাম যুক্ত শিক্ষার্থী, এবং কোনো শিক্ষা-বছরব্যাপী, কমিউনিটি-ভিত্তিক প্রোগ্রাম অথবা স্কুল কমিউনিটিতে স্থানীয় সংযোগ রয়েছে, আমরা তাদের অগ্রাধিকার দিচ্ছি। আমরা পরিবার, কমিউনিটি-ভিত্তিক সংগঠন, এবং স্কুলগুলো থেকে প্রাপ্ত মতামতের ভিত্তিতে এসব পরিবর্তন এনেছি, এবং আমি সকলের মতামতের জন্য কৃতজ্ঞ। এসব উন্নতি যাই হোক না কেন, যেসব শিক্ষার্থীর জন্য গ্রীষ্মকালীন কর্মসূচিতে অংশগ্রহণ বাধ্যতামূলক, তারা তাদের হোম স্কুলের সাথে সংশ্লিষ্ট একটি আসন লাভ করতে সক্ষম হবে।

আমি আপনাদের 17 এপ্রিলের মধ্যে আবেদনের পোর্টালের লিংক: [nyc.gov/SummerRising](https://nyc.gov/SummerRising) -দেখতে উৎসাহিত করছি। পোর্টালটি হবে অনুবাদযোগ্য এবং সেটাকে যেকোনো ইন্টারনেট-সংযুক্ত ডিভাইস থেকে দেখা যাবে। আবেদনপত্র পূরণে যেসব পরিবারের সহায়তার প্রয়োজন তাদেরকে সহায়তা দেয়ার জন্য আমরা প্যারেন্ট কোঅর্ডিনেটরদের প্রশিক্ষণ দিয়েছি। আবেদনের সময়সীমা 1 মে শেষ হবে, এবং আমরা আনুমানিক এক সপ্তাহ পর আসন নিশ্চিত করে ইমেইল পাঠাবো।

আমাদের জনপ্রিয় সামার রাইজিং প্রোগ্রাম ফিরিয়ে আনতে পেরে আমি অত্যন্ত উদ্বিগ্ন! আমাদের সকল শিক্ষার্থী বছর ব্যাপী শিক্ষা অর্জন করার সুযোগ পাবার প্রাপ্য। আমি আসন্ন সপ্তাহগুলোতে গ্রীষ্মকালীন কর্মসূচিগুলো সম্পর্কে আরো তথ্য শেয়ার করবো, এবং এপর্যন্ত সামারগুলোর মাঝে 2023-কে আমরা সবচেয়ে সেরা করবো, সেবিষয়ে আমি আত্মবিশ্বাসী।

উচ্চ প্রত্যাশাসহ,

ডেভিড সি. ব্যাংকস্ (David C. Banks)  
চ্যান্সেলর

আমাদের সাপ্তাহিক পর্যালোচনার ভিডিও



এবং এখানে [মেয়র এরিক অ্যাডামস্-এর সাপ্তাহিক ভিডিও](#) দেখা হলো। আপনি যদি সরাসরি মেয়রের অফিস থেকে সর্বসাম্প্রতিক তথ্য পেতে আগ্রহী হন, তবে [অনুগ্রহ করে এখানে ক্লিক করুন](#)।

\*অনুদিত ক্যাপশনের জন্য: "CC" আইকনে ক্লিক করুন। "Setting" আইকনে ক্লিক করুন এবং "Subtitles/CC" বেছে নিন। "Auto-translate" বেছে নিন এবং আপনার ভাষা বেছে নিন।

আপনি যদি PS+You থেকে আর কোনো ইমেইল মেসেজ না পেতে চান, তবে [আনসাবস্ক্রাইব](#) করুন।